দৈনিক বাংলা

বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র

তারিখ 13 FEB 1989
পৃষ্ঠা 1 কলাম 7

6

# ডাকসু নির্বাচন সংক্রান্ত অভিযোগ উদ্ভট : শিক্ষক সমিতি

ঢাকা বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি ডাকসু নির্বাচন সংক্রান্ত অভিযোগকে উদ্ভট হিসেবে উল্লেখ করে তা প্রত্যাখ্যান করেছে সমিতি রোকেয়া হলের ছাত্রীদের মিছিলে হামলাকারীদের দৃষ্টান্তমূলক শাস্তি প্রদানের দাবী জানিয়েছে।

গতকাল রোববার সমিতির এক জরুরী সভায় বেশ কিছু প্রস্তাব গ্রহণ করা হয়। সভায় সভাপতিত্ব করেন সমিতির সভাপতি প্রফেসর এম মসিহুজ্জামান। সভার এক প্রস্তাবে বলা হয় শিক্ষকদের ভাব-

(শেষ পৃঃ ৫-এর কঃ দ্রঃ)

## শিক্ষক সমিতি

(১-এর পৃঃ পর)

মূর্তি বিনষ্টের জন্যে নির্বাচনের বিরুদ্ধে মহল বিশেষ অপপ্রচার চালাচ্ছে। প্রস্তাবে এর নিন্দা করা হয়। সভায় বিশ্ববিদ্যালয়ের আবাসিক হলে বহিরাগতদের অনুপ্রবেশ বন্ধ সুনিশ্চিত করার জন্যে দাবী জানানো হয়। ছাত্রী মিছিলে হামলার সময় পুলিশের নিষ্ক্রিয়তায় ক্ষোভ প্রকাশ করা হয়।

শিক্ষক সমিতি মহসীন হলে প্রভোস্টের অফিসে শিক্ষক-ছাত্রের ওপর বেপরোয়া গুলিবর্ষণ এবং অগ্নিসংযোগের ঘটনার তীব্র নিন্দা করে দোষী ব্যক্তিদের কঠোর শাস্তি দেয়ার দাবী জানিয়েছে।